PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–305

(সামাজিক ইতিহাসের পটে বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। বঙ্গভঙ্গ প্রকল্প কবে চূড়ান্ত অনুমোদন লাভ করে? বঙ্গভঙ্গ রদের ঘোষণা কবে করা হয়? মুসলমান এবং নমঃশূদ্র সমাজে বঙ্গভঙ্গের রাজনৈতিক প্রভাব ও প্রতিক্রিয়ার স্বরূপ আলোচনা করো। ১+১+১২=১৪

২। লর্ড কার্জন কবে ভাইসরয়ের দায়িত্ব নিয়েছিলেন? বঙ্গভঙ্গের পক্ষে কার্জনের মূল যুক্তিগুলি কী ছিল? সমকাল ও উত্তরকালের বাংলা সাহিত্যে বঙ্গভঙ্গের প্রভাব ও প্রতিক্রিয়া বিষয়ে একটি নিবন্ধ প্রস্তুত করো। ১+৩+১০=১৪

খ—গুচ্ছ

৩। ১৯১৭ সালে কোন্ বিপ্লব সংঘটিত হয়েছিল? কোন্ দেশের আত্মসমর্পণের মধ্য দিয়ে প্রথম মহাযুদ্ধ শেষ হয়েছিল? প্রথম মহাযুদ্ধ পরবর্তী সময়ের অর্থনৈতিক, সামাজিক ও মানবিক বিপর্যয়ের যে ছবি বাংলা ছোটগল্পে ধরা পড়েছে সে সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১+১+১২=১৪

৪। দ্বিতীয় মহাযুদ্ধ কবে শুরু হয়েছিল? ১৯৪৫ সালে জাপানের কোন্ দুটি শহরে আণবিক বোমা নিক্ষিপ্ত হয়েছিল? দ্বিতীয় মহাযুদ্ধ-পরিস্থিতি বাংলা উপন্যাসে যেভাবে এসেছে সে সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ১+২+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'কমিউনিস্ট ম্যানিফেস্টো' কারা রচনা করেন? কত সালে এটি প্রথম প্রকাশিত হয়? ভারতের কমিউনিস্ট পার্টি কোথায়, কত সালে প্রতিষ্ঠিত হয়? সাম্যবাদী মতাদর্শ সম্পর্কে একটি সন্দর্ভ প্রস্তুত করো। ১+১+১+১+১০=১৪

৬। ভারতীয় গণনাট্য সংঘ প্রযোজিত প্রথম বাংলা নাটক দুটির নাম লেখো। ভারতের কমিউনিস্ট পার্টির প্রথম সম্মেলন কত সালে, কোথায় অনুষ্ঠিত হয়েছিল? 'নবান্ন' নাটকে কীভাবে সাম্যবাদী ভাবনা প্রকাশিত হয়েছে, আলোচনা করো। ২+২+১০=১৪

ঘ—গুচ্ছ

৭। ১৯৪৭-এর দেশভাগের রাজনৈতিক প্রেক্ষিত সম্পর্কে সংক্ষেপে লেখো। স্বাধীনতা-পরবর্তী বাংলা নাটকে দেশভাগের পটভূমি এবং দেশভাগোত্তর পরিস্থিতি কীভাবে ধরা পড়েছে সে বিষয়ে আলোচনা করো। ৫+৯=১৪

৮। 'ভাঙা বাংলা ও বাংলা সাহিত্য' গ্রন্থটি কার লেখা? ''বিশ শতকের মধ্যভাগে বাঙালির জীবন জুড়ে দেখা গেল যেসব সামাজিক ও রাজনৈতিক অনিশ্চয়তা, তারই প্রভাবে অবক্ষয়ী আধুনিকতার সূচনা হল। মন্বন্তর, সাম্প্রদায়িক দাঙ্গা, দেশবিভাগ সমস্ত মূল্যবোধের মূলে কুঠারাঘাত করেছিল। বাংলা উপন্যাসে বেশ বিস্তৃতভাবেই ধরা পড়েছে এই বিপন্ন সময়ের চালচিত্র।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। 'কৃত্তিবাস' পত্রিকাটি প্রথম কবে প্রকাশ পায়? 'কৃত্তিবাস' নামটি কে দিয়েছিলেন? প্রথম সংখ্যায় সম্পাদক হিসাবে কাদের নাম ছাপা হয়েছিল? বিশ শতকের প্রথমার্ধের বাংলা সাহিত্যের বিশেষ অবদান রয়েছে এমন তিনটি সাময়িকপত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৩+৯=১৪

১০। শাস্ত্রবিরোধী গল্প আন্দোলনের দুজন প্রবক্তার নাম লেখো। কোন্ সাময়িকপত্র ছিল 'শাস্ত্রবিরোধী'দের মুখপত্র? শাস্ত্রবিরোধী গল্প আন্দোলনের সাহিত্যতত্ত্ব এবং সৃজনকর্মের একটি রূপরেখা উপস্থাপন করো। ২+১+৫+৬=১৪

★★★